

জামালপুরে স্কুল ফিডিং কর্মসূচি বৃদ্ধি পাচ্ছে শিক্ষার্থীর উপস্থিতি

■ জামালপুর প্রতিনিধি

জামালপুর জেলার দেওয়ানগঞ্জে পৌর এলাকার বাইরে অসহায় দারিদ্র্যপীড়িত এলাকায় প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর-অধীন স্কুল ফিডিং কর্মসূচি বর্ধিত পুনরায় চালু হওয়ায় শিক্ষার্থীদের উপস্থিতি ক্রমশই বৃদ্ধি পাচ্ছে।

জানা যায়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা শতভাগ নিশ্চিতকরণ, বিদ্যালয়ে শিশুদের উপস্থিতির হার বৃদ্ধি, দেহের পুষ্টি পূরণ ও শিশুদের ক্ষুধা নিবারণের জন্য সরকার কর্তৃক প্রত্যন্ত গ্রামাঞ্চলে স্কুল ফিডিং কর্মসূচি চালু করে। এ কর্মসূচির অণুতায় কাচ-কাচা শিক্ষার্থীদের ঝরেপড়া রোধে ক্ষুধা নিবারণের জন্য পুষ্টিযুক্ত খাবার বিস্কুট প্রদানসহ শিক্ষার্থীদের হোম ভিজিট, মা'দের নিয়ে উঠান বৈঠক, অভিভাবক সমাবেশ, এসএমসি সভা, কমিউনিটি সভাসহ প্রতি মাসে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও নির্বাহী কর্মকর্তার সাথে মতবিনিময় সভা করা হয়ে থাকে। এতে দেওয়ানগঞ্জ উপজেলার মোট ১৩৪টি বিদ্যালয়ে জন্য এসব কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব নেয় ডাফ বাংলাদেশ নামে একটি এনজিও প্রতিষ্ঠান। এ ব্যাপারে দেওয়ানগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রৌশনারা, কাঠারবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল ইসলাম, প্রদ্যুৎ নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাছিম ফেরদৌসী, খোলাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জয়নাল আবদীনসহ তারা বলেন, যেহেতু শিশুদের লোভ অনেকটা খাবার জাতীয় কিংবা বিস্কুটের প্রতি।